# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৯৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩১. রাসূলুল্লাহ (ﷺ) এর উযুর বিবরণ

بَابُ صِفَةِ وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ مَحْمُودٍ الْوَاسِطِيُّ ، ثَنَا شُعَيْبُ بْنُ أَيُّوبَ ، نَا أَبُو يَحْيَى الْحِمَّانِيُّ ، عَنْ أَبِي حَنِيفَةَ ح : وَثَنَا الْحَسَنُ بْنُ سَعِيدِ بْنِ الْحَسَنِ بْنِ يُوسُفَ الْمَرْوَرُّوذِيُّ ، قَالَ : وَجَدْتُ فِي كِتَابِ جَدِّي : نَا أَبُو يُوسُفَ الْقَاضِي ، نَا أَبُو حَنِيفَةَ ، عَنْ خَالِدِ بْنِ عَلْقَمَةَ ، عَنْ عَبْدِ خَيْرٍ ، عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ : أَنَّهُ تَوَضَّأَ فَغَسَلَ يَدَيْهِ ثَلَاثًا ، وَمَضْمَضَ ، وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَذِرَاعَيْهِ ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ ثَلَاثًا ، وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ، ثُمَّ قَالَ : مَنْ أَحَبَّ أَنْ يَنْظُرَ إِلَى وُضُوءِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَامِلًا فَلْيَنْظُرْ إِلَى هَذَا ، وَقَالَ شُعَيْبٌ : هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَتَوَضَّأُ . هَكَذَا رَوَاهُ أَبُو حَنِيفَةَ ، عَنْ خَالِدِ بْنِ عَلْقَمَةَ ، قَالَ فِيهِ : وَمَسَحَ رَأْسَهُ ثَلَاثًا . وَخَالَفَهُ جَمَاعَةٌ مِنَ الْحُفَّاظِ الثِّقَاتِ ، مِنْهُمْ زَائِدَةُ بْنُ قُدَامَةَ ، وَسُفْيَانُ الثَّوْرِيُّ ، وَشُعْبَةُ ، وَأَبُو عَوَانَةَ ، وَشَرِيكٌ ، وَأَبُو الْأَشْهَبِ جَعْفَرُ بْنُ الْحَارِثِ ، وَهَارُونُ بْنُ سَعْدٍ ، وَجَعْفَرُ بْنُ مُحَمَّدٍ ، وَحَجَّاجُ بْنُ أَرْطَاةَ ، وَأَبَانُ بْنُ تَغْلِبَ ، وَعَلِيُّ بْنُ صَالِحِ بْنِ حُيَيٍّ ، وَحَازِمُ بْنُ إِبْرَاهِيمَ ، وَحَسَنُ بْنُ صَالِحٍ ، وَجَعْفَرٌ الْأَحْمَرُ ، فَرَوَوْهُ عَنْ خَالِدِ بْنِ عَلْقَمَةَ ، فَقَالُوا فِيهِ : وَمَسَحَ رَأْسَهُ مَرَّةً ، إِلَّا أَنَّ حَجَّاجًا مِنْ بَيْنِهِمْ ، جَعَلَ مَكَانَ " عَبْدِ خَيْرٍ " " عَمْرًا ذَا مُرٍّ " ، وَوَهِمَ فِيهِ ، وَلَا نَعْلَمُ أَحَدًا مِنْهُمْ قَالَ فِي حَدِيثِهِ : إِنَّهُ مَسَحَ رَأْسَهُ ثَلَاثًا غَيْرَ أَبِي حَنِيفَةَ ، وَمَعَ خِلَافِ أَبِي حَنِيفَةَ فِيمَا رَوَى لِسَائِرِ مَنْ رَوَى هَذَا الْحَدِيثَ فَقَدْ خَالَفَ فِي حُكْمِ الْمَسْحِ فِيمَا رُوِيَ ، عَنْ عَلِيٍّ رَضِيَ اللَّهُ عَنْهُ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَقَالَ : " إِنَّ السُّنَّةَ فِي الْوُضُوءِ مَسْحُ الرَّأْسِ مَرَّةً وَاحِدَةً

বাংলা

২৯৩(১). মুহাম্মাদ ইবনে মাহমূদ আল-ওয়াসিতী (রহঃ) ... আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি উযু করলেন। অতএব তিনি তার দুই হাত তিনবার ধৌত করেন, তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, মুখমণ্ডল তিনবার ধৌত করেন, দুই বাহু তিনবার ধৌত করেন, মাথা তিনবার মসেহ করেন এবং দুই পা তিনবার ধৌত করেন, এরপর বলেন, যে ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরিপূর্ণ উযু দেখতে চায় সে যেন এই আমার উযু দেখে।

শুয়াইব (রহঃ)-এর বর্ণনায় আছে, “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে উযু করতে দেখেছি”। আবু হানীফা (রহঃ) খালিদ ইবনে আলকামা (রহঃ) থেকে উক্ত হাদীস অনুরূপভাবে বর্ণনা করেন এবং তাতে (রাবী) বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মাথা তিনবার মসেহ করেছেন। নির্ভরযোগ্য এক জামাআত হাফেজে হাদীস এর বিপরীত বর্ণনা করেছেন। তাদের মধ্যে রয়েছেনঃ যাইদা ইবনে কুদামা, সুফিয়ান আস-সাওরী, শো’বা, আবু আওয়ানা, শারীক, আবুল আশহাব জা’ফার ইবনুল হারিস, হারূন ইবনে সা’দ, জাফার ইবনে মুহাম্মাদ, হাজ্জাজ ইবনে আরতাত, আবান ইবনে তাগলিব, আলী ইবনে সালেহ ইবনে হুয়াই, হাযেম ইবনে ইবরাহীম, হাসান ইবনে সালেহ, জাফার আল-আজমার (রহঃ) প্রমুখ খালিদ ইবনে আলকামা (রহঃ) থেকে এই হাদীস বর্ণনা করেছেন এবং তাদের বর্ণনায় আছেঃ “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মাথা একবার মসেহ করেন।

তবে তাদের মধ্যে হাজ্জাজ (রহঃ) আবদে খায়েরের স্থানে উমার (রাঃ)-এর উল্লেখ করেছেন এবং এ ব্যাপারে তিনি ভুল করেছেন। আমি তাদের মধ্যে আবু হানীফা (রহঃ) ব্যতীত অন্য কারো ব্যপারে জানি না, যিনি এই হাদীসে বলেছেন, "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মাথা তিনবার মসেহ করেছেন।" এই হাদীসের সমস্ত রাবীর সাথে আবু হানীফা (রহঃ) এর বিরোধ সত্ত্বেও আলী (রাঃ) থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণিত হাদীস মসেহ করার হুকুম সম্পর্কে তিনি বিরোধ করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80082

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন